

## **ব্রিগেং জেনাঃ (অবঃ) শাহাদাত হোসেন চৌধুরী সংক্ষিপ্ত জীবনী**

ব্রিগেং জেনাঃ (অবঃ) শাহাদাত হোসেন চৌধুরী –এএফডিইউসি, পিএসসি, টিই, ১৯৫৯ সালে নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৭৪ সালে বসুর হাট সরকারি এএইচসি হাই স্কুল থেকে প্রথম বিভাগে এসএসসি পাশ করেন এবং ১৯৭৬ সালে চট্টগ্রাম কলেজ থেকে এইচএসসি পাশ করেন। পরবর্তীতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে প্রথম বিভাগে বিএসসি পাশ করেন। ব্রিগেং জেনাঃ (অবঃ) শাহাদাত হোসেন চৌধুরী ১৯৮২ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে সিগন্যাল কোরে কমিশন লাভ করেন। বাংলাদেশে সেনাবাহিনীতে চাকুরি কালীন তিনি বিভিন্ন পদবিতে কমান্ড, স্টাফ এবং প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি তৎকালীন বিডিআর এ চট্টগ্রাম এবং দিনাজপুরে সেক্টর কমান্ডরের দায়িত্ব পালন করেন। সেনাবাহিনীতে কর্মরত অবস্থায় তিনি লাইবেরিয়া ও সিয়েরা লিওনে জাতিসংঘ শান্তি মিশনে অংশ গ্রহণ করেন। ভারতের MCTE থেকে তিনি টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিপ্রি লাভ করেন। পরবর্তীতে সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ থেকে পিএসসি এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ থেকে এএফডিইউসি কোর্স সম্পন্ন করেন। ব্রিগেং জেনাঃ (অবঃ) শাহাদাত হোসেন চৌধুরী বাংলাদেশ ন্যাশনাল ইউনিভার্সিটি থেকে মাস্টার্স অব ডিফেন্স স্টাডিজ এবং মাস্টার্স অব ওয়ার স্টাডিজ ডিপ্রি লাভ করেন।

২০০৭-২০১০ সাল পর্যন্ত ছবিসহ ভোটার তালিকা ও জাতীয় পরিচয় পত্র প্রণয়ন প্রকল্পে, জাতীয় প্রজেক্ট ডিরেক্টর হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১০ সালে সামরিক বাহিনী থেকে অবসর গ্রহণ করেন। অবসর গ্রহণের পর তিনি UNDP আফগানিস্তানে কর্মরত ছিলেন। তিনি আফগানিস্তান “ELECTProject” এ প্রজেক্ট কো- অর্ডিনেশন এডভাউজার হিসাবে নিয়োগ প্রাপ্ত হন। ২০১১ সালের আফগানিস্তান সংসদীয় নির্বাচনে তিনি ভোটার তালিকা প্রণয়ন সহ নির্বাচনের সকল কর্মকাণ্ডে সম্পৃক্ত ছিলেন। “ছবিসহ ভোটার তালিকা ও জাতীয় পরিচয় পত্র প্রণয়ন” প্রকল্পে জাতীয় প্রজেক্ট ডিরেক্টর থাকা কালীন তিনি দক্ষিণ এশিয়ার অঞ্চলসমূহের বিভিন্ন দেশে নির্বাচন বিষয়ক বিভিন্ন কর্মশালা ও সেমিনারে অংশ গ্রহণ করেন। ২০০৮ সালে নেপাল নির্বাচনে তিনি আন্তর্জাতিক নির্বাচন পর্যবেক্ষক হিসাবে দায়িত্ব পালন করেন।

ব্রিগেং জেনাঃ (অবঃ) শাহাদাত হোসেন চৌধুরী, মরহুম আলী ইমাম চৌধুরী এবং মরহুম ফেরদৌস আরা বেগমের পাঁচ সন্তানের মধ্য দ্বিতীয়। তাঁর পিতা একজন বীর মুক্তিযোদ্ধা ছিলেন। ব্রিগেং জেনাঃ (অবঃ) শাহাদাত হোসেন চৌধুরী ও শ্রী মিসেস সারওয়াত চৌধুরী দুই সন্তানের জনক-জননী। তাঁহার মেয়ে, চৌধুরী সাইমা তাবাসসুম এবং ছেলে সাফায়াত হোসেন চৌধুরী। তিনি অবসর সময়ে গলফ খেলা, বই পড়া এবং পরিবারের সাথে সময় কাটাতে পছন্দ করেন।